


চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩৩ তারিখঃ ৪ আগষ্ট ২০১৭ শুক্রবার

সর্বশেষ পরিস্থিতি

ল্যাবরেটরি পরীক্ষায় নিশ্চিত করা চিকুনগুনিয়া রোগীর সংখ্যা (সপ্তাহ অনুযায়ী)



- চিকুনগুনিয়া নজরদারি (surveillance) কার্যক্রমের অংশ হিসেবে সম্ভাব্য রোগীদের আইইডিসিআর-এ আর-টি পিসিআর করা হচ্ছে। গত ৯ এপ্রিল হতে ০৩ আগস্ট ২০১৭ পর্যন্ত আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯৯ জনে। উল্লেখ্য, এ সংখ্যাটি সারা দেশে চিকুনগুনিয়া আক্রান্ত রোগীদের মোট সংখ্যা নয়। চিকুনগুনিয়া রোগের বিস্তার ও প্রবণতা (বাড়ছে/কমছে) বোঝার জন্য গৃহীত নজরদারি কার্যক্রমে রোগীদের মধ্য হতে একটি অংশের রক্ত পরীক্ষা করে এ ফলাফল পাওয়া গেছে।
- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ০৪ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩০৪০ টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,৪৩২ জন। সম্ভাব্য নতুন রোগী ১০৫২ জন ও পুরোনো রোগী ১৩৮০ জন। অবশিষ্ট ৬০৮ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন। উল্লেখ্য, এ সংখ্যাটিও সারা দেশে চিকুনগুনিয়া আক্রান্ত রোগীদের মোট সংখ্যা নয়। চিকুনগুনিয়া রোগের বিস্তার ও প্রবণতা (বাড়ছে/কমছে) বোঝার জন্য গৃহীত নজরদারি কার্যক্রমের অংশ হিসেবে হটলাইনের তথ্য বিশ্লেষণ করে এ ফলাফল পাওয়া যাচ্ছে।

আগামীকাল আইইডিসিআর এ বিশেষজ্ঞদের সভা

সম্প্রতি বাংলাদেশে চিকুনগুনিয়া রোগ সংক্রমণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে সহায়তার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা দক্ষিণ পূর্ব এশিয়া কার্যালয় হতে একজন কীটতত্ত্ব বিশেষজ্ঞ জনাব কে. কৃষ্ণমূর্তি এসেছেন। তিনি ইতোমধ্যে আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও বিজ্ঞানীদের সাথে একাধিক বৈঠকে মিলিত হয়েছেন। আজ তিনি সরেজমিনে ঢাকা শহরের বিভিন্ন এলাকা ভ্রমণ করছেন। তার সাথে স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাংলাদেশ কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ ছিলেন। ঢাকা মহানগরীরতে মশার ঘনত্ব ও ঢাকাতে মশা নিয়ন্ত্রণের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত হতে এ পরিদর্শন।

মোবাইল ফোন ভিত্তিক চিকুনগুনিয়া রোগের নজরদারীতে প্রাপ্ত তথ্যের অধিকতর শুদ্ধতা যাচাই



আইইডিসিআর বিভিন্ন সময়ে বৈজ্ঞানিক প্রয়োজন অনুযায়ী কোন নির্দিষ্ট রোগের উপর জরীপ অথবা নজরদারী করে থাকে। এরই ধারাবাহিকতায়, ঢাকা মহানগরীতে বসবাসকারীদেরকে দৈনন্দিনের ভিত্তিতে মোবাইল ফোনে আলাপনের মাধ্যমে সম্ভাব্য চিকুনগুনিয়া রোগের প্রবণতা ও বিস্তার জানার জন্য একটি জরীপ চালায়। উক্ত জরীপে ৩৫৯ জন-কে সম্ভাব্য চিকুনগুনিয়ার রোগী হিসাবে সনাক্ত করা হয়। তাদের মধ্য হতে একটি অংশকে তাঁদের দেয়া তথ্য সঠিকভাবে টেলিফোন জরীপে লিপিবদ্ধ করা হয়েছে কি না তা আরো শুদ্ধভাবে যাচাইয়ের জন্য আইইডিসিআর এ আমন্ত্রণ জানানো হয়। যারা এতে সাড়া দেন তাঁদেরকে আজ আইইডিসিআর এ মুখোমুখি সাক্ষাৎকার গ্রহণ করা হয়। এছাড়া যারা সম্মতি দান করেছেন তাদের রক্তে চিকুনগুনিয়ার এন্টিবডি দেখা হচ্ছে ল্যাবরেটরি পরীক্ষার মাধ্যমে। রক্ত পরীক্ষার ফলাফল রোগীদের অবহিত করা হয়।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।